**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 03-06-2025** **Desk in Charge : SDG**

**Time : 7-35 A.M** **Compiling : DSS**

**DEO : KB** **NR : DSS**

**Opening Announcement :-** আকাশবাণী, খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবরঃ-

১) নদীয়ার কালীগঞ্জ বিধানসভা উপনির্বাচনের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি, আজ পরীক্ষা করে দেখা হবে। # ভোট গ্রহণ ১৯শে জুন।

২) রাজ্য সরকার, OBC বা অন্যান্য অনগ্রসর শ্রেণীর তালিকা সংশোধন করেছে।

# রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সংশোধিত তালিকা অনুমোদিত হয়।

৩/ মুর্শিদাবাদ জেলায় ফারাক্কা নতুন মহকুমা হিসাবে আত্মপ্রকাশ করতে চলেছে।

৪/ সীমান্ত এলাকায় নিরাপত্তা ব্যবস্থা আরো সুনিশ্চিত করতে, ভাসমান ফাঁড়ি গঠনের উদ্যোগ নিচ্ছে কেন্দ্র ও রাজ্য সরকার।

৫/ শহরে করোনা নিয়ে উদ্বেগ ও আতঙ্কের কোনো কারণ নেই বলে, কলকাতার পুরসভার ডেপুটি মেয়র আশ্বাস দিয়েছেন।

৬/ এবছরের নিট-পিজি পরীক্ষা ১৫'ই জুন হচ্ছেনা। # পরীক্ষার পরবর্তী তারিখ পরে ঘোষণা করা হবে।

****************************************************************************

নদীয়ার কালীগঞ্জ বিধানসভা উপনির্বাচনের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি, আজ পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ দাখিলের সময়সীমা, গতকাল শেষ হয়।

নাম প্রত্যাহারের শেষদিন বৃহস্পতিবার ৫-ই জুন। ভোট নেওয়া হবে ১৯-শে জুন। গণনা ২৩-শে জুন।

এদিকে, ভোটগ্রহণের জন্য ২০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে । এই সপ্তাহের মধ্যে বাহিনী রাজ্যে এসে পৌঁছবে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে।

কমিশন সূত্রে আরো জানা গেছে, এবার প্রতিটি কেন্দ্রের ১০০ মিটারের মধ্যে ভোটারদের সাহায্য করতে সরকারি কাউন্টার চালু করা হবে। এর দায়িত্বে থাকবেন বুথ লেবেল অফিসাররা। কোনো ভোটারই মোবাইল নিয়ে বুথে ঢুকতে পারবেন না। ফোনটি ওই কাউন্টারে রেখে তাঁদের বুথে ঢুকতে হবে।

উল্লেখ্য, তৃণমূল কংগ্রেস, এই বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের জন্য প্রয়াত বিধায়ক নাসিরউদ্দিন আহমেদের মেয়ে আলিফা আহমেদকে প্রার্থী করেছে।

বিজেপি-র প্রার্থী হয়েছেন আশিষ ঘোষ। এছাড়াও কংগ্রেস প্রার্থী করেছে কাবিলউদ্দিন শেখ-কে। বামফ্রন্ট এই কংগ্রেস প্রার্থীকে সমর্থন করবে বলে জানিয়েছে।

রাজ্য সরকার এই উপ-নির্বাচনের জন্য সেখানকার সব সরকারি, আধা সরকারি ও বেসরকারী সংস্থা এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ভোটের দিন সবেতন ছুটি ঘোষণা করেছে। অর্থ দপ্তর থেকে আজ এই মর্মে এক নির্দেশিকা জারি করা হয়।

কোন ভোট গ্রহণ কেন্দ্রে পুনর্নিবাচন হলেও সেখানেও সংশ্লিষ্ট দিনে ছুটি দেওয়ার কথা বলা হয়েছে ওই নির্দেশিকায়।

এছাড়া যেসব শিক্ষা প্রতিষ্ঠান বা সরকারি কার্যালয়ে সেক্টর অফিস, ভোট গ্রহণকেন্দ্র বা DCRC করা হবে সেখানে ভোটের আগের দিন, অর্থাৎ ১৮-ই জুনেও ছুটি ঘোষণা করা হয়েছে ওই নির্দেশিকায়।

*************************

রাজ্য সরকার, OBC বা অন্যান্য অনগ্রসর শ্রেণীর তালিকা সংশোধন করেছে । নবান্নে গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সংশোধিত তালিকা অনুমোদিত হয় বলে প্রশাসনিক সূত্রের খবর।

অনগ্রসর কল্যাণ দপ্তর সূত্রে জানা গেছে, ওবিসি কমিশন, নতুন ৭৬ টি জাতিকে এই তালিকায় অন্তর্ভুক্ত করার সুপারিশ করেছে। সেই অনুযায়ী এই রাজ্যের ও বি সি র তালিকায় থাকা ৬৪ টির সঙ্গে নতুন করে ৭৬ টি জাতি যুক্ত করা হলো।

বিধানসভার আসন্ন অধিবেশনে এই ১৪০ টি জাতি নিয়ে সংশোধিত তালিকা পেশ করা হবে বলে জানা গেছে।

************************

মুর্শিদাবাদ জেলায় ফারাক্কা নতুন মহকুমা হিসাবে আত্মপ্রকাশ করতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরোহিত্যে নবান্নে, গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়। জঙ্গীপুর মহকুমার সামসেরগঞ্জ, সুতি ১ ও ২ নম্বর এবং ফারাক্কা ব্লক নিয়ে গঠিত হচ্ছে এই নতুন মহকুমা। আগে এই চারটি ব্লক জঙ্গীপুর মহকুমার অন্তর্ভুক্ত ছিল। ওয়াকফ আইনের বিরোধিতার জেরে উত্তপ্ত সুতিতে সম্প্রতি এক সভায় মুখ্যমন্ত্রী নতুন মহকুমা গঠনের কথা ঘোষণা করার পর রাজ্য মন্ত্রিসভা গতকাল তাতে ছাড়পত্র দিল।

নতুন মহকুমায় বিভিন্ন প্রশাসনিক স্তরে ১০৯-টি চুক্তি ভিত্তিক পদ তৈরির প্রস্তাবেও অনুমোদন মিলেছে।

উল্লেখ্য, ফারাক্কা, মুর্শিদাবাদের ষষ্ঠ মহকুমা হতে চলেছে। এতোদিন বহরমপুর, কান্দি, লালবাগ, ডোমকল ও জঙ্গীপুর- জেলায় এই পাঁচটি মহকুমা ছিল। সামশেরগঞ্জে নতুন মহকুমার কার্যালয় গড়ে উঠলে, ফারাক্কা ও সুতির বাসিন্দাদের বিশেষ সুবিধে হবে বলে আশা করা হচ্ছে।

মন্ত্রিসভার বৈঠকে গতকাল, স্বরাষ্ট্র, স্বাস্থ্য, অর্থ, আইন ও পুর দফতরে ৩৩৬-টি পদ তৈরি ও শূন্য পদ পূরণের'ও অনুমোদন পাওয়া গেছে। পাশাপাশি SSC-র মাধ্যমে ৪৪ হাজারের বেশি শিক্ষক ও শিক্ষাকর্মী নিয়োগের বিধিও ছাড়পত্র পেয়েছে।

************************

সীমান্ত এলাকায় নিরাপত্তা ব্যবস্থা আরও সুনিশ্চিত করতে 'ভাসমান ফাঁড়ি' বা 'ফ্লোটিং আউটপোস্ট' গঠনের মডিউল তৈ রির উদ্যোগ নিচ্ছে কেন্দ্র ও রাজ্য সরকার।

সম্প্রতি কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের উচ্চপদস্থ আধিকারিক ও রাজ্য প্রশাসনের শীর্ষ কর্তারা এই সিদ্ধান্তে পৌঁছেছেন বলে জানা গিয়েছে। নতুন মডিউলের আওতায় নদী ও জলপথবর্তী সীমান্তে ভাসমান ফাঁড়ি গঠন করা হলে নিরাপত্তা ব্যবস্থাকে আরও জোরদার করা যাবে বলে মনে করা হচ্ছে। রাজ্য ও কেন্দ্রের মধ্যে সমন্বয়ে সীমান্ত এলাকায় দ্রুত নিরাপত্তা পরিকাঠামো নির্মাণে জোর দেওয়া হবে বলেই বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

*************************

কোচবিহারের ঘোকসাডাঙায় বেআইনিভাবে এদেশে ঢোকার অভিযোগে এক বাংলাদেশী নাগরিককে গ্রেফতার করেছে পুলিশ। জীবন সরকার নামে ওই ব্যক্তিকে গতকাল মাথাভাঙা মহকুমা আদালতে তোলা হলে, ২ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়। জেরায় জীবন জানিয়েছেন, বাংলাদেশের টাঙ্গাইল জেলায় তাঁর বাড়ি। ৩৫ বছর আগে নদীয়া সীমান্ত দিয়ে তিনি ভারতে প্রবেশ করেন।

*************************

উত্তর চব্বিশ পরগনার বাগদা থানার পুলিশ ভারত থেকে চোরাপথে বাংলাদেশে যাওয়ার সময় দুই বাংলাদেশী ও এক ভারতীয় দালালকে গ্রেফতার করেছে। ধৃত দুই বাংলাদেশীর নাম, দিদার শেখ ও এছমো শেখ এবং ভারতীয় দালালের নাম সাইদুল শহিদুল। চোরাপথে বাগদা থেকে দেশে ফেরার সময় তারা ধরা পড়ে। বাংলাদেশী দুজন সাত মাস আগে ভারতে এসেছিল বলে জানা গেছে।

ধৃতদের গতকাল বনগাঁ আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়।

*************************

শহরে করোনা নিয়ে এই মুহুর্তে উদ্বেগ ও আতঙ্কের কোনো কারণ নেই বলে কলকাতা পুরসভার ডেপুটি মেয়র অতীন ঘোষ আশ্বাস দিয়েছেন। পুরভবনে গতকাল তিনি সাংবাদিকদের বলেন, এখনও পর্যন্ত শহরে প্রায় তিনশো জন কোভিডে আক্রান্ত হয়েছেন। তবে এদের মধ্যে কারোর অবস্থাই সঙ্কটজনক নয়। আক্রান্তদের মধ্যে দুই থেকে তিন শতাংশ হাসপাতালে ভর্তি হয়েছেন। তারা মূলত বয়স্ক এবং একাধিক রোগে চিকিৎসাধীন। তবে এই আক্রান্তরাও দ্রুত সুস্থ হয়ে উঠছেন। নমুনা পরীক্ষার সংখ্যা বাড়লে আক্রান্তের সংখ্যা বাড়তে পারে বলে অতীন বাবু জানান। করোনার এই ভেরিয়েন্ট

সংক্রামক হলেও ততটা প্রাণঘাতী নয় বলে জানিয়ে ডেপুটি মেয়র সংক্রমণ রোধে আবারও সাধারণ মানুষকে স্যানিটাইজার ও মাস্ক ব্যবহার এবং জ্বর, সর্দি, কাশি হলে শারীরিক দুরত্ব বজায় রাখা ও ভিড় এড়িয়ে চলার পরামর্শ দেন।

অন্যদিকে, এ বছরে শহরে এখনো পর্যন্ত প্রায় একশো জন ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন বলে অতীন বাবু জানান। তিনি বলেন, পরিস্থিতি এখনো নিয়ন্ত্রণেই রয়েছে, তবে লাগাতার বৃষ্টির প্রেক্ষিতে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বাড়তে পারে। সেই জন্য স্বাস্থ্যকেন্দ্রের কর্মীদের সতর্ক থাকতে বলা হয়েছে। যে সমস্ত জায়গা ডেঙ্গু প্রবণ, সেগুলিকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার চেষ্টা চলছে। চলতি মাসেই সব বোরোর স্বাস্থ্য আধিকারিকদের সঙ্গে বৈঠক করা হবে বলেও তিনি জানিয়েছেন।

************************

এ বছরের নিট পিজি পরীক্ষার দিন পিছিয়ে দেওয়া হয়েছে। এ মাসের ১৫ তারিখে এই পরীক্ষা হওয়ার কথা ছিল। কিন্তু National Board of Examinations in Medical Sciences বা চিকিৎসা বিজ্ঞানের পরীক্ষা সংক্রান্ত জাতীয় পর্ষদ-NBEMS গতকাল এক বিবৃতিতে পরীক্ষা আপাতত স্থগিত রাখার কথা ঘোষণা করে।
NBEMS সূত্রে জানা গেছে, সুপ্রিম কোর্টের নির্দেশ অনুসারে তারা এক শিফট এই পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে। সে কারণেই আরও বেশি পরীক্ষা গ্রহণ কেন্দ্রের আয়োজন এবং প্রয়োজনীয় পরিকাঠামোর বন্দোবস্ত করতেই পরীক্ষা আপাতত পিছিয়ে দেওয়ার এই সিদ্ধান্ত। পরীক্ষার পরবর্তী দিন পরে ঘোষণা করা হবে।

************************

চোখে আঘাত জনিত সমস্যা বা অকুলার ট্রমা কমাতে দেশজুড়ে শুরু হয়েছে নানা কর্মসূচি। হেলমেট ব্যবহার, খনি- নির্মাণ, রাসায়নিক পরীক্ষাগার সহ অন্যান্য শিল্প ক্ষেত্রে কর্মীদের আইনানুগ নিরাপত্তা ব্যবস্থা তৈরি ও বিশেষভাবে শিশুদের জন্য এই কর্মসূচিতে জোর দেওয়া হয়েছে বেশি করে।

আকাশবাণী সংবাদের একটি প্রতিবেদন- ( ক্যাপসুল অভিজিত )

************************

রোগী দেখাতে গিয়ে একদল মদ্যপ যুবকের পশ্চিম বর্ধমানের দুর্গাপুর মহকুমা হাসপাতালে তান্ডব চালানোর অভিযোগকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায়। ভাঙচুর চালানো হয় হাসপাতালের জরুরি বিভাগে। বাধা দিতে গেলে হাসপাতালের ফেসিলিটি ম্যানেজারকে মারধর করা হয়। মারধর চেষ্টা করা হয় হাসপাতালের কয়েকজন বেসরকারি নিরাপত্তা রক্ষীকে। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এই ঘটনায় সরকারি হাসপাতালের নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠেছে। পুলিশ চার জনকে আটক করেছে।

*************************

পশ্চিম মেদিনীপুরের দাঁতন ২ নম্বর ব্লকের পাটপুরচক এলাকায়, গতকাল গলায় পান আটকে শ্বাসরোধ হয়ে মৃত্যু হয়েছে এক পুলিশকর্মীর। ৫৫-বছর বয়সী মৃত দীপক মাইতি, বেলদা থানার জোড়াগেড়িয়া ফাঁড়িতে কনস্টেবল পদে কর্মরত ছিলেন। তাঁর বাড়ি দাঁতনের সাউরী কোটবাড় এলাকার পাটপুরচকে।

*************************

উত্তর ২৪ পরগণার গোপালনগর থানার চামটা পুলিশ ক্যাম্পে গতরাতে কর্তব্যরত অবস্থায় এক পুলিশ কর্মীর গুলিবিদ্ধ হবার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে।

বিভাস ঘোষ নামে ওই কনস্টেবল ১০ মাইল এলাকায় কর্মরত ছিলেন। সেই সময় তিনি আচমকাই ডিউটিতে থাকা নাকা অফিসারের সার্ভিস রিভলভার নিয়ে নিজের মাথায় গুলি চালিয়ে দেন। গুলিবিদ্ধ বিভাসকে বনগাঁ মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। পরে অবস্থার অবনতি হওয়ায় তাঁকে স্থানান্তরিত করা হয়েছে কলকাতার হাসপাতালে।

*************************

নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ লোকনাথ ব্রহ্মচারীর ১৩৫-তম তিরোধান দিবস পালিত হচ্ছে। এই উপলক্ষে তেঘরিয়া, চাকলা সহ বিভিন্ন স্থানের লোকনাথ মন্দির গুলিতে বিশেষ পুজো পাঠের আয়োজন করা হয়েছে।

*************************

প্রযুক্তিগত কিছু কারণে কলকাতা মেট্রোর পার্পেল লাইনে আজ ২৪ মিনিটের পরিবর্তে ৪০ মিনিট অন্তর ট্রেন পরিষেবা পাওয়া যাবে। মেট্রো রেলের তরফে গতরাতে এক বিবৃতিতে একথা জানানো হয়।

*****************************************************************